

স্মারক নম্বর: ১৪.৩১.৪১০০.৪৬২.১১.৪০৭.২৪

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	
প্রাপ্তি নং ৪-	
তারিখ ৪-	
কর্মকর্তা ও এস/সিএ	
জরুরী/অতীব জরুরী	
০১ মে ২০২৪	
২২ এপ্রিল ২০২৪	
উপজেলা নির্বাহী অফিসার বাঘারপাড়া, যশোর	

**উদ্যোক্তা নিয়োজন/ নিযুক্তি বিজ্ঞপ্তি**

বাঘারপাড়া উপজেলা ডাকঘরের "স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস" এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিয়োজন/ নিযুক্তির লক্ষ্যে বাঘারপাড়া উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম	উপজেলা ও জেলার নাম	উদ্যোক্তার সংখ্যা	প্রার্থীর যোগ্যতা	মন্তব্য
১।	উদ্যোক্তা (লেটার রাইটার) স্মার্ট সার্ভিস পয়েন্ট অফ পোস্ট অফিস	বাঘারপাড়া, যশোর	২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা; (গ) নিজ খরচে স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর জন্য প্রয়োজনীয় উপকরণ, যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য; (ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে; (ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে। (চ) রাষ্ট্রবিরাগী বা কৌজদারী অপরাধের অভিযোগমুক্ত হতে হবে; (ছ) পূর্বে জনস্বাস্থ্য সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে। (জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ কোর্সধারীরা (সেনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।	

**শর্তাবলী:**

- আবেদন শুরুর তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রি. এবং আবেদনের শেষ তারিখ: ০২ মে ২০২৪ খ্রি. দিবাগত রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত। (আবেদন লিংক: <https://bdpost.eksheba.gov.bd>)
- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় ন্যূনতম ৫ বছর বসবাসরত) হতে হবে।
- প্রার্থীর বয়স ২৫ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে:
  - অনলাইন জন্ম সনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
  - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার অনিয়ম/ বিশৃঙ্খল আচরণের ক্ষেত্রে দায়-দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গন্যমান্য ব্যক্তি/ নিকট আত্মীয়ের নিকট হতে প্রত্যয়নপত্র।
  - সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
- নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা, অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সং, যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।
- উদ্যোক্তা হিসেবে নিয়োজন/ নিযুক্তির বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/ সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস এর উদ্যোক্তার পদটি সরকারি/ আউটসোর্সিং/ অন্য কোনো চাকুরির পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারিকরণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা যাবে না।
- উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/ আচরণে কোনো প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিয়োজনকারী/ নিযুক্তিকরণ কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।
- স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোনো প্রকার বেতন/ ভাতা/ সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।
- পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীর জানানো হবে।

**স্বাক্ষর -**

(মোঃ মনিরুল হাশিম মূর)

পোস্ট অফিস পরিদর্শক

নড়াইল উপ বিভাগ

নড়াইল-৭৫০০

১২ ০২৪৭৭৬২৭৮৩

ই-মেইল : [dpmg7400.net@gmail.com](mailto:dpmg7400.net@gmail.com)

এবং সদস্য সচিব

উদ্যোক্তা নিয়োজন/ নিযুক্তি কমিটি

**সদয় জ্ঞাতার্থে এবং বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো:**

- জেলা প্রশাসক, যশোর।
- ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, যশোর বিভাগ, যশোর-৭৪০০।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- উপজেলা চেয়ারম্যান, বাঘারপাড়া, যশোর।
- মাননীয় মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
- সভাপতি/ সাধারণ সম্পাদক, বাঘারপাড়া প্রেসক্লাব, যশোর।
- তথ্য অফিসার, বাঘারপাড়া উপজেলা, যশোর।
- চেয়ারম্যান (সকল), বাঘারপাড়া উপজেলা, যশোর।
- পরিদর্শক (প্রশাসন), যশোর বিভাগ, যশোর। তথ্য বাতায়নের নোটিশ বোর্ডে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- উপজেলা পোস্টমাস্টার, বাঘারপাড়া উপজেলা পোস্ট অফিস, যশোর।
- ইউপি সচিব (সকল), বাঘারপাড়া উপজেলা, যশোর।
- নোটিশ বোর্ড ... .., কার্যালয়।
- অফিস কপি।

**স্বাক্ষর**

পোস্ট অফিস পরিদর্শক

নড়াইল উপ বিভাগ

নড়াইল-৭৫০০

এবং সদস্য সচিব